

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৮৯৮

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ নিজ দেশে ফেরার সময় মক্কার যেই জায়গা থেকে প্রত্যাবর্তন করা মুস্তাহাব, তার বিবরণ

ذَكَرُ الْمَوْضِعِ الَّذِي يُسْتَحَبُّ أَنْ يَكُونَ رُجُوعُ الْمَرْءِ مِنْ مَكَّةَ إِلَى بَلَدِهِ عَلَيْهِ

আরবী

3898 - أَخْبَرَنَا أَبُو عَرُوبَةَ قَالَ: حَدَّثَنَا هَارُونُ بْنُ مُوسَى الْفَرَوِيُّ قَالَ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ الْحَارِثِ الْجُمَحِيُّ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ عَنْ أَبِي الزِّنَادِ عَنِ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا خَرَجَ مِنْ مَكَّةَ خَرَجَ مِنْ طَرِيقِ الشَّجْرَةِ وَإِذَا رَجَعَ رَجَعَ مِنْ طَرِيقِ الْمُعَرَّسِ.

الراوي : أبو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3898 | خلاصة حكم المحدث: شاذ بلفظ: من مكة ، وعن أبي هريرة ، والمحفوظ: إلى مكة ، وعن ابن عمر - ((الضعيفة)) (1631) ، وفي ((الموارد)): إلى مكة.

বাংলা

৩৮৯৮. আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন মক্কা থেকে বের হতেন, তখন তিনি গাছের দিকের রাস্তা দিয়ে বের হতেন আর যখন ফিরে আসতেন, তখন তিনি মুআররাসের রাস্তা দিয়ে বের হতেন।”[1]

ফুটনোট

[1] “যখন মক্কা থেকে বের হতেন” এটা ভুল। লেখকের কাছে বিষয়টি উলট-পালট হয়ে গেছে। সঠিক হলো যখন মাদীনা থেকে মক্কার উদ্দেশ্যে বের হতেন। এভাবে বর্ণিত হয়েছে, সহীহুল বুখারী: ১৫৩৩; আবূদাউদ: ১৮৬৭; মুসনাদ আহমাদ: ২/২৯-৩০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে “মক্কা থেকে” এভাবে শায় বা দুর্বল বলেছেন। মক্কার উদ্দেশ্যে এভাবে মাহফূয বা সহীহ বলেছেন। (যঈফা: ১৬৩১)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93237>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন